তারিখ · 08 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 2

যুগান্তর

# বেসরকারি কলেজের অনার্স-মাস্টার্স শিক্ষকদের এমপিও কেন নয়

—— হাইকোর্ট

**যুগান্তর রিপোর্ট**

এমপিওভুক্ত বেসরকারি কলেজের অনার্স-মাস্টার্স শিক্ষকদের এমপিও নীতিমালা-২০১৩ প্রয়োজনীয় সংশোধনী এবং নন-এমপিওভুক্ত শিক্ষকদেরকে কেন এমপিও দেয়ার নির্দেশ দেয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। এক রিট আবেদনের শুনানি করে বিচারপতি কামরুল ইসলাম সিদ্দিকী ও বিচারপতি রাজিক আল জলিলের সমন্বয়ে গঠিত বেঞ্চ বুধবার এ রুল জারি করেন। চার সপ্তাহের মধ্যে শিক্ষা, আইন ও অর্থ মন্ত্রণালয়ের সচিবসহ পাঁচজনকে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে রিট আবেদনের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট সিদ্দিক উল্লাহ মিয়া। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোখলেছুর রহমান।

বাংলাদেশ বেসরকারি কলেজ অনার্স-মাস্টার্স শিক্ষক সমিতির সভাপতি নেকবর হোসাইন ও সাধারণ সম্পাদক সাইফুল ইসলামসহ ৯৮ জন নন-এমপিওভুক্ত শিক্ষক ৫ সেপ্টেম্বর এ রিট দায়ের করেন।